



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৮৭৬

তারিখ : ১৪-১০-২০২৪ খ্রি.

বিষয় : অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : ক) গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার আলোচ্যসূচির ০৭ (সাত) নং ক্রমিকের সিদ্ধান্ত।
খ) অধ্যক্ষ, জনাব স ম নাসিমউদ্দিন মাহতাব-এর গত ০২-০৫-২০২৪ তারিখের অনলাইন আবেদন (আইডি-২৬৫২৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার ৮৬(২) নং আলোচ্যসূচির ০৭ (সাত) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন লখপুর আলহাজ্ব আশিয়া ইছহাক কলেজিয়েট গার্লস স্কুলের সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোঃ হাবিবুর রহমান-এর বিরুদ্ধে বাদী কর্তৃক আনীত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত:

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট, বাগেরহাট

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৮৭৬(৭)

তারিখ : ১৪-১০-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফকিরহাট, বাগেরহাট।
- ৪। সভাপতি, অ্যাডহক/ম্যানেজিং কমিটি, লখপুর আলহাজ্ব আশিয়া ইছহাক কলেজিয়েট গার্লস স্কুল, ফকিরহাট, বাগেরহাট।
- ৫। অধ্যক্ষ, লখপুর আলহাজ্ব আশিয়া ইছহাক কলেজিয়েট গার্লস স্কুল, ফকিরহাট, বাগেরহাট।
- ৬। সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোঃ হাবিবুর রহমান, লখপুর আলহাজ্ব আশিয়া ইছহাক কলেজিয়েট গার্লস স্কুল, ফকিরহাট, বাগেরহাট।
- ৭। অফিস কপি।

১৪-১০-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



লখপুর আলহাজ্ব আশিয়া ইছাহাক কলেজিয়েট গার্লস স্কুল

উপজেলা কোড : ৩৪, জেলা কোড : ২৩, বিদ্যালয় কোড : ৪৪২০, কেন্দ্র কোড : ২৪৪

IN-5903061302, EIIN- 114902

স্থাপিত : ১৯৮৫ ইং, কলেজ পর্যায় উন্নীত : ২০১২ ইং

ডাকঘর : লখপুর, উপজেলা : ফকিরহাট, জেলা : বাগেরহাট

পূর্বসূত্র নম্বর ২৩/২৪

তারিখ ২৪/৪/২০২৪

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : সহকারী শিক্ষক জনাব মো. হাবিবুর রহমানকে চূড়ান্তভাবে বরখাস্ত করার আবেদন অনুমোদন প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ের সহকারী শিক্ষক জনাব মো. হাবিবুর রহমান বিগত ৩০ এপ্রিল ২০২৩ থেকে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। বিভিন্ন মাধ্যমে তাঁর সাথে যোগাযোগ করা হলে, জানা যায় যে, তিনি রমজানের ছুটির মধ্যে অর্থাৎ এপ্রিল ২০২৩ এর মাঝামাঝি কোন এক সময় অনির্দিষ্টকালের জন্য দুবাই চলে গেছেন। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অনির্দিষ্টকালের জন্য দেশ ত্যাগ করে কর্মস্থলে অনুপস্থিত থাকা, চাকরি বিধি অনুসারে অসদাচরণ দোষে দুষ্ট এবং চরম শাস্তিযোগ্য অপরাধ। তাঁর এহেন অপরাধের বিষয়ে ০২ বার তাঁকে কারণ দর্শানো নোটিস প্রদান করা হলেও, তিনি কোন লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করেননি বা তাঁর সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি। সে ক্ষেত্রে, প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের স্বার্থের কথা বিবেচনা করে, উপরোল্লিখিত শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ স্বরূপ গডর্নিং বডির ১৮(০১) নং সাধারণ সভা তারিখ : ১৮ জানুয়ারি ২০২৪ এর ০২নং সিদ্ধান্ত মোতাবেক তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। এতদ্বিষয়ে তাঁকে অবহিত করত: কর্মস্থলে যোগদানের মৌখিক ও লিখিত অনুরোধ করা সত্ত্বেও তিনি কর্তৃপক্ষের সিদ্ধান্তকে গুরুত্ব না দিয়ে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের জন্য অপূরণীয় ক্ষতি সাধন করছে। তাঁর এহেন অশিক্ষকসুলভ, অমার্জিত, অমানবিক ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের জন্য তাঁকে চূড়ান্তভাবে বরখাস্ত করত: তাঁর পদটি শূন্য ঘোষণাপূর্বক NTRCA এর নিকট শূন্য পদ পূরণের নিমিত্তে চাহিদাপত্র দাখিল করা প্রয়োজন।

এমতাবস্থায়, উপরোল্লিখিত শিক্ষককে চূড়ান্তভাবে বরখাস্তের বিষয়টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর Appeal & Arbitration Committee এর সভায় অনুমোদন দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সর্বিনয় অনুরোধ জানানো যাচ্ছে।

আপনার বিশ্বস্ত

স ম নাযিমুদ্দিন মাহতাব

ইনভেন্ট নং-২১৭২১৩

অধ্যক্ষ

লখপুর আলহাজ্ব আশিয়া ইছাহাক কলেজিয়েট গার্লস স্কুল
ফকিরহাট, বাগেরহাট।